অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 12/31/2019 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

গভর্নর কুউমো 2020 স্টেট অফ দ্যা স্টেট-এর 17তম প্রস্তাব ঘোষণা করলেন: রোবোকলের অভিশাপ মোকাবেলা

প্রস্তাবটি টেলিযোগাযোগ সংস্থাগুলোকে রোবোকলগুলো বন্ধ করার প্রযুক্তি স্থাপনের শর্ত আরোপ করবে

"লোক ঠকানো" কলের মাধ্যমে শঠতা করা ও পরিচয় গোপনকারী প্রতারকদের উন্মোচিত করার জন্য স্টেটকে আইনটি নতুন হাতিয়ার প্রদান করবে

যে সকল কোম্পানি মেনে চলবে না তাদের জন্য উল্লেখযোগ্য নতুন আর্থিক দণ্ড

গভর্নর অ্যান্ড্রু এম কুউমো আজ তার 2020 সালের স্টেট অফ দ্যা স্টেট-এর 17 তম প্রস্তাব ঘোষণা করেছেন - যেটি হচ্ছে ক্রমাগত রোবোকল বা উপদ্রব সৃষ্টিকারী কলগুলোর বিরুদ্ধে লড়াইয়ের উদ্দেশ্যে একটি সামগ্রিক প্রস্তাব। এই বহুমাত্রিক আইনি প্যাকেজটি টেলিযোগাযোগ কোম্পানিগুলোর উপরে এমন ধরনের প্রযুক্তি স্থাপনের শর্তারোপ করবে, যার মাধ্যমে গ্রাহকরা সন্দেহভাজন রোবোকলগুলোকে ব্লক করতে সমর্থ হবেন। এই উপদ্রব সৃষ্টিকারী কলগুলোকে শনাক্ত ও বন্ধ করার জন্য প্রযুক্তি যেভাবে উন্নত হয়েছে, কিংবা রোবকলাররা যেহেতু এই উদ্যোগগুলোকে পাশ কাটাবার জন্য নতুন উপায় সন্ধান করার প্রচেষ্টা করবে, টেলিকম সংস্থাগুলো তাদের গ্রাহকদের সুরক্ষার উদ্দেশ্যে এগুলোকে প্রতিরোধ করার প্রযুক্তি আপডেট করতে বাধ্য থাকবে। এই প্রস্তাবটি সরবরাহকারীদের (Providers) দ্রুততার সাথে বহুল ব্যবহৃত সুলভ প্রযুক্তি গ্রহণ করতে বাধ্য করবে যেটি নিউ ইয়র্কের সংখ্যা থেকে উদ্ভূত নয় এমন কল সহ গ্রাহকদেরকে সম্ভাব্য রোবোকল এবং প্রতারনা সম্পর্কে সতর্ক করবে। এই প্রস্তাবটি নিউ ইয়র্কের "ডু নট কল আইন (Do Not Call Law)" মেনে চলে না এমন কোম্পানিগুলোর বিরুদ্ধে আর্থিক জরিমানাও বহুলাংশে বৃদ্ধি করবে।

"নিউ ইয়র্কবাসীরা তাদের ফোন পরিষেবার জন্য যথেষ্ট পরিমাণ অর্থ প্রদান করলেও, এখনও প্রতিদিন তাদেরকে কয়েক মিলিয়ন রোবোকলের জ্বালাতন সহ্য করতে হচ্ছে। এই পদক্ষেপের মাধ্যমে, আমরা টেলিকম কোম্পানিগুলোকে বলছি - সাইডলাইনে থেকে ব্যবসা বন্ধ করুন এবং আপনাদের গ্রাহকদের কাছে এই সকল হয়রানিমূলক কল প্রেরণ করা বন্ধ করুন নতুবা আমরা আপনাদেরকে দায়ী করবো," **গভর্নর কুওমো বলেন।** "অবৈধ রোবোকলারদেরকেও ছাড় দেয়া হবে না, আর

আমরা নিউ ইয়র্কের 'ডু নট কল" আইন লঙ্ঘনকারীদের বিরুদ্ধে আইনি ব্যবস্থা ও দ্বিগুণ জরিমানার বিধান করছি।"

বিশেষজ্ঞরা ভবিষ্যদ্বাণী করেছেন যে, 2019 সালে জাতীয়ভাবে, সমস্ত মোবাইল ফোন ট্র্যাফিকের 45 শতাংশেরও বেশি কল হবে রোবোকল বা হয়রানিসৃষ্টিকারী এবং হিসেব করে দেখা গিয়েছে যে নিউ ইয়র্কবাসীর কাছে *দৈনিক* 10.4 মিলিয়ন রোবোকল পাঠানো হচ্ছে। স্পুফিং প্রযুক্তির মাধ্যমে সৃষ্ট রোবোকলের এই অভিশাপ প্রতারক এবং বিবেকবর্জিত টেলিমার্কেটারদের জন্য অসহায় নিউ ইয়র্কবাসীকে প্রতারণা করতে সহায়ক একটি প্রতারণাপূর্ণ সুযোগ প্রদান করে। এগুলো মানুষকে অজানা নম্বর থেকে আসা কলগুলোকে এড়িয়ে যাওয়ার দিকে পরিচালিত করেছে, যা গ্রাহকদের সাথে যোগাযোগ করতে চেষ্টা করা ব্যবসাকে ক্ষতিগ্রস্থ করছে এবং স্বাস্থ্যসবা পেশাদার ও পাবলিক স্কুল থেকে আসা গুরুত্বপূর্ণ কলগুলোকে অগ্রাহ্য করাচ্ছে।

তাঁর 2020 সালের স্টেট বক্তৃতার অংশ হিসাবে, গভর্নর কুউমো প্রতারক এবং অবৈধ রোবোকলারদের বাধা প্রদানের উদ্দেশ্যে একটি বিস্তৃত প্যাকেজ প্রবর্তন করবেন।

টেলিফোন সেবাপ্রদানকারীরা রোবোকল ব্লক করুন নতুবা জবাবদিহি করুন

নিউ ইয়র্কের গ্রাহকরা তাদের পরিষেবার জন্য প্রতিমাসে ফোন সরবরাহকারীদের অর্থ প্রদান করে, তবুও এই কোম্পানিগুলো প্রতিদিন তাদের গ্রাহকদের কাছে লক্ষ লক্ষ আপত্তিকর এবং প্রতারণামূলক কল যেতে দেয়। গভর্নরের প্রস্তাব অনুযায়ী, টেলিযোগাযোগ সরবরাহকারীরা উপলভ্য সেরা রোবোকল ব্লকিং প্রযুক্তি আগে থেকেই (By default) গ্রাহকদের জন্য রাখতে বাধ্য থাকবে। যদি আদৌ করে, তাহলেও এই মুহূর্তে, কিছু কোম্পানি শুধুমাত্র অনুরোধের ভিত্তিতে এই প্রযুক্তি প্রদান করে থাকে। যে কোম্পানিগুলো রোবোকল বন্ধ করার জন্য এই সকল সেরা উদ্দেশ্যেগুলো মোতায়েন করতে ব্যর্থ হবে, তারা পাবলিক সার্ভিস দপ্তর (Department of Public Service) অথবা স্টেটের ভোক্তা সুরক্ষা বিভাগ (Division of Consumer Protection) কর্তৃক জবাবদিহির জন্য যোগ্য হবে ও তদন্তের আওতাধীন হবে এবং দৈনিক 100,000 মার্কিন ডলার পর্যন্ত জরিমানার সম্মুখীন হবে।

সন্দেহজনক কলারদের বিরত রাখার উদ্দেশ্যে কলের সত্যতা যাচাইকরণ প্রযুক্তি দ্রুততার সাথে বাস্তবায়নের শর্ত

গভর্নরের প্রস্তাবের আওতায় প্রতিটি টেলিফোন সেবা প্রদানকারী সংস্থাকে যত দ্রুত সম্ভব শিল্প-ভিত্তিক কল যাচাইকরণ প্রোটোকল STIR/SHAKEN প্রোটোকলকে, পুরোপুরি বাস্তবায়ন করতে বাধ্য থাকবে। যে সকল নম্বর নিউ ইয়র্কের নয় সেগুলো সহ সকল ফোন নম্বর সম্পর্কে অতিরিক্ত কলার আইডি (ID) তথ্য প্রদান এবং সম্ভাব্য প্রতারণামূলক এবং রোবোকল বিষয়ে গ্রাহকদেরকে সতর্ক করার উদ্দেশ্যে টেলিযোগাযোগ শিল্প কর্তৃক STIR/SHAKEN প্রোটোকল তৈরি করা হয়েছিল। বেশিরভাগ টেলিফোন পরিষেবা সরবরাহকারীরা পূর্বে এই প্রযুক্তিটি কার্যকর করার প্রতিশ্রুতি দিলেও এখন পর্যন্ত বাস্তবায়নের ক্ষেত্রে অনেকেই একদম অল্প থেকে শুরু করে একেবারেই কোন প্রকার অগ্রগতি দেখায়নি।

"ডু নট কল" আইন লঙ্ঘনকারী রোবোকলারদের বিরুদ্ধে দ্বিগুণ শাস্তি

নিউ ইয়র্কের "ডু নট কল" আইনটি, স্টেট ডিভিশন অফ কনজিউমার প্রটেকশন এনফোর্সমেশন অথরিটিকে (State Division of Consumer Protection Enforcement Authority), স্টেটের ডু নট কল রেজিস্ট্রিতে নিবন্ধনকারী নিউ ইয়র্কবাসীদের কাছে অযাচিত কল করে এমন অনিষ্টকর ব্যক্তিদেরকে শনাক্ত ও জরিমান করতে সক্ষম করে। রোবোকল ব্লক করতে ব্যর্থ হওয়ার জন্য টেলিযোগাযোগ কোম্পানিগুলোকে দৈনিক 100,000 মার্কিন ডলারের জরিমানা প্রদানের পাশাপাশি, গভর্নর 'ডু নট কল' লঙ্ঘনকারীদের জন্য বর্তমান সর্বোচ্চ জরিমানাকে 11,000 মার্কিন ডলার থেকে দ্বিগুন করে কল প্রতি 22,000 মার্কিন ডলার করার প্রস্তাব করছেন।

আপনি যদি কোনও অযাচিত কল পেয়ে থাকেন, তাহলে নিউ ইয়র্কবাসীকেwww.donotcall.gov-এ অনলাইন কল করতে অথবা 888-382-1222 নম্বরে কল করতে উৎসাহিত করা হচ্ছে।

ডু নট কল রেজিস্ট্রিতে কিভাবে নিবন্ধন কিংবা অভিযোগ দায়ের করবেন সে সম্পর্কে আরও তথ্যের জন্য অনুগ্রহ করে গ্রাহক সুরক্ষা বিভাগের (Division of Consumer Protection)-এর ডু নট কল নির্দেশিকাদেখুন।

###

অতিরিক্ত তথ্য পাওয়া যাবে এখানে www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট। এক্সিকিউটিভ চেম্বার। press.office@exec.ny.gov । 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন